

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭৯

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৩. 'জুনুবী' (বীর্যপাতের কারণে অপবিত্র ব্যক্তি) যদি ঘুমাতে চায়

بَابُ الْجُنُبِ إِذَا أَرَادَ أَنْ يَنَامَ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ سُفْيَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ سَأَلَ عُمْرُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ تُصِيبُنِي الْجَنَابَةُ مِنْ اللَّيْلِ فَأَمَرَهُ أَنْ يَغْسِلَ ذَكَرَهُ وَيَتَوَضَّا تُمُّ يَرْقُدَ

إسناده صحيح

বাংলা

৭৭৯. ইবনু উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, (একদা) উমার রিদওয়ানুল্লাহু আলাইহি রাসূলূল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রশ্ন করলেন। বললেন: 'রাতে যদি 'জুনুবী' (অপবিত্র) হয়ে পড়ি (এমতাবস্থায় আমি গোসল না করে ঘুমাতে পারব কি)? তখন তিনি তাকে নির্দেশ দিলেন যে, সে যেন তার পুরুষাঙ্গ ধুয়ে নেয় এবং ওয়ু করে, এরপর ঘুমায়।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী, ২৮৭; সহীহ মুসলিম ৩০৬; আমরা এর পূর্ণ তাখরীজ করেছি সহীহ ইবনু হিব্বান নং ১২১৭, ১২১৮ এ; এটি আরও বর্ণিত, হয়েছে: বাইহাকী, মা'রেফাতুস সুনান নং ১৫১৬; দেখুন, ইবনু হাযম, আল মুহাল্লা ১/৮৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন